R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১. বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেন্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৫শ বর্ষ
৩৭শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৭ই মাঘ বুধবার, ১৩৮৫ সাল।
৩১শে জানুয়ারী, ১৯৭৯ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## ভয়াবহ বাস দুর্ঘটনা, হতাহত—৩৮

বিশেষ প্রতিনিধি : ২৭ জানুয়ারী সুতী থানার মানিকপুরে ৩৪নং জাতীয় সড়কে ভয়াবহ এক বাস দুর্ঘটনায় ৩৮ জন হতাহত হয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে, বহরমপুর—ফরাক্কা রুটের বহরমপুরগামী একটি বাসের সঙ্গে ওই দিন সকাল ৯টা নাগাদ বিপরীতগামী একটি লরির মুখোমুখি সংঘর্ষ ঘটে। বাসটি সংঘর্ষের পর খাদে উল্টে পড়ে। বাস চালক দুর্ঘটনার সঙ্গে সঙ্গেই আত্মগোপন করেন। সংঘর্ষের ফলে ঘটনাস্থলেই সাতজনের মৃত্যু ঘটে। এঁদের মধ্যে একজন সাগরদীঘি ব্লকের গ্রামসেবক, দু'জন মহিলা ও একটি শিশু। শিশু ও মহিলা দু'জন একই পরিবারের—সম্পর্কে মা, মেয়ে ও নাতনী। আহত হন ৩১ জন। তাঁদেরকে অনুপনগর, মহেশাইল, জঙ্গিপুর ও বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয়। পরদিন আহতদের মধ্যে একজন জঙ্গিপুর মহকুমা হাসপাতালে মারা যান। অসমর্থিত এক সংবাদে প্রকাশ, বহরমপুর হাসপাতালেও আহত তিনজন বাসযাত্রীর মৃত্যু ঘটেছে। এ সংবাদ সমর্থিত হলে নিহতের সংখ্যা দাঁড়াবে ১১। চালক এখনও পলাতক। বাস ও লরি উভয়েই ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। নিহতদের প্রত্যেককেই সনাক্ত করা হয়েছে। জেলা শাসক ও পুলিশ সুপার দুর্ঘটনাস্থল পরিদর্শন করেছেন। দুর্ঘটনায় নিহত হয়েছেন : ১) ষষ্ঠী দাসী, জোতকমল (রঘুনাথগঞ্জ), ২) চায়না দাস, অরঙ্গাবাদ (সুতী), ৩) কৃষ্ণা দাস,

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## হাসপাতালে বেনামীতে ঠিকাদারি ?

ধুলিয়ান, ৩১ জানুয়ারী—অনুপনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জনৈক সরকারী কর্মচারী বেনামীতে রোগীদের খাদ্য সরবরাহের ঠিকাদারি চালাচ্ছেন বলে অভিযোগ উঠেছে। অভিযোগে জানানো হয়েছে, বেনামী ঠিকাদার হাসপাতালে যে খাদ্য সরবরাহ করেন, তা নাকি অত্যন্ত নিম্নমানের। ইতিপূর্বে এই কর্মচারীটি নাকি বহুতালি, আহিরণ, রাজানগর প্রভৃতি স্বাস্থ্যকেন্দ্রেও ঠিকাদারি করতেন। মেডিক্যাল অফিসারদের হাত করে ঠিকাদারি ব্যবসা হস্তগত করায় কর্মচারীটি নাকি সিদ্ধহস্ত। অনুপনগরে সাড়ে তিন বছর ধরে সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে তিনি ঠিকাদারি করছেন বলে অভিযোগ। অভি-যোগে আরো প্রকাশ, আগেকার মত সরবরাহকৃত খাদ্য পরীক্ষা না করেই রোগীদের খেতে দেওয়া হয়। ফলে উৎকৃষ্ট মান এবং ন্যায্য পরিমাণ থেকে রোগীরা বঞ্চিত হচ্ছেন। ওয়াকিবহাল মহল এ সম্পর্কে বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছেন।

## পঞ্চায়েতে দলবাজি ও দুর্নীতির অভিযোগ

সাগরদীঘি, ৩১ জানুয়ারী—সাগরদীঘি ব্লক কংগ্রেস (ই) কমিটির সভাপতি ডাঃ বদরুল হক পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে দলবাজি ও দুর্নীতির অভিযোগ করেছেন তিনি জানিয়েছেন, সাগরদীঘি পঞ্চায়েত সমিতি তার বিমাতৃসুলভ মনোভাব নিয়ে বোখারা ১/১, বোখারা ১/২ ও গোবর্ধনডাঙা অঞ্চলে ত্রাণ বণ্টনে দলবাজি শুরু করেছে। সি পি আই (এম) প্রধান ছাড়া অন্য দলের প্রধানকে ত্রাণের ন্যায্য কোটা দেওয়া হচ্ছে না—যদিও সংশ্লিষ্ট তিনটি অঞ্চলই আটাত্তরের বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে।

ডাঃ হক জানিয়েছেন, সাগরদীঘি গ্রাম পঞ্চায়েত প্রধান মোঃ বদরুদ্দোজা এবং হরহরি সোসাইটির ম্যানেজারের কার্যকলাপের বিরুদ্ধে কয়েকজন সদস্য দুর্নীতির অভিযোগ করলে সমবায় পরিদর্শক ১৮ জানুয়ারী

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পঞ্চায়েত অফিসগুলি এক একটি মহাকরণ

সাগরদীঘি, ২৭ জানুয়ারী—গ্রাম পঞ্চায়েতের অফিসগুলি এক একটি মহাকরণ। গ্রামের উন্নয়নমূলক যাবতীয় কাজ এখন থেকে গ্রামের লোকেরাই করবেন। গ্রামবাসীদের অত্যন্ত সজাগ হয়ে নিজেদের কাজ আদায় করে নিতে হবে। বালিয়া হাই স্কুলে অনুষ্ঠিত গণতান্ত্রিক যুব ফেডারেশনের সাগরদীঘি থানা সম্মেলনের সমাপ্তি দিবসে ভাষণ দিতে গিয়ে আজ কথাগুলি বলেন রাজ্য শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আব্দুল বারি। সমাবেশে পৌরোহিত্য করেন জেলার নেতা কমরেড আলি হোসেন। গতকাল এই সম্মেলনের সূচনা হয়। সম্মেলনে ২১ সদস্যের থানা কমিটি গঠন করা হয়। বিভিন্ন অঞ্চলের প্রতিনিধি ও কর্মীরা ওই দিন সম্মেলনে যোগ দিয়ে বিভিন্ন সমস্যা ও কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। অধিকাংশ প্রতিনিধি অভিযোগ করেন যে, নির্বাচিত সদস্য ও ক্ষমতাসীন ব্যক্তিরা নিচু তলার কর্মীদের উপেক্ষা করে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## অনাস্থায় অপসারণ

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি ব্লকের পাটকেলডাঙ্গা অঞ্চল প্রধান গঙ্গাধর সরকার ( সি পি এম ) বিক্ষুব্ধ সি পি এম ও কংগ্রেসীদের আঁতাতে আনীত অনাস্থায় প্রধান পদ থেকে অপসারিত হয়েছেন বলে জানা গেছে মোট ষোল জন সদস্যের মধ্যে বার জন সদস্যই তাঁর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পেশ করেন। তারই ভিত্তিতে গত ২২ জানুয়ারী অনুষ্ঠিত এক সভায় ৮—৭ ভোটে অনাস্থা প্রস্তাব পাস হয় এবং প্রধান পদ থেকে গঙ্গাধরবাবু অপসৃত হন। ব্লক অফিস উপপ্রধানকে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সেসন পাওয়ার

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর আদালতের একজন ম্যাজিষ্ট্রেটকে সেসন পাওয়ার দেওয়া হবে। ২৩ জানুয়ারী বহরমপুর সারকিট হাউসে এ খবর দিয়ে রাজ্যের আইনমন্ত্রী হাসিম আবদুল হালিম জঙ্গিপুর আদালতের আইনজীবী প্রদীপ নন্দীকে জানিয়ে-ছেন, রাজ্য সরকার রাজ্যের কয়েকটি মহকুমায় একজন করে ম্যাজিষ্ট্রেটকে সেসন পাওয়ার দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে হত্যা ও বিভিন্ন ধরনের জটিল মামলার বিচার মহকুমা

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## হাসপাতাল বাউণ্ডারী

নিজস্ব সংবাদদাতা : দেয়াল তুলে জঙ্গিপুর মহকুমা হাসপাতালের চারদিক ঘেরার জন্য রাজ্য সরকার এক লাখ টাকা মঞ্জুর করেছেন। হাসপাতালকে পরিচ্ছন্ন রাখার জন্য এই দাবি ছিল দীর্ঘদিনের। এতদিনে তা পূরণ হল। জানা গেছে, অনতিবিলম্বে হাসপাতালটি দোতালা করা হবে এবং শয্যা সংখ্যা বাড়ানো হবে। খবরটি হাসপাতাল সূত্রের।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই মাঘ, বুধবার, ১৩৮৫।

## রাস্তা চলা দায়

এই শহরের তরিতরকারীর প্রধান বাজারটি সম্পর্কে আমাদের কিছু বলিবার আছে। যে কোনও দিন যদি কেহ সরজমিনে গিয়া দেখেন, দেখিবেন বাজার এলাকা বলিয়া ইহার কিছু নাই। জনসাধারণের চলাচলের রাস্তাতে প্রচুর বিক্রেতা পসরা সাজাইয়া রহিয়াছেন। ক্রেতৃসাধারণও সেখানে যথেষ্ট ভীড় করিয়া 'মাল চেনাচিনি দর জানাজানি'র কর্মে রত। সুতরাং রাস্তা দিয়া চলিবার উপায় থাকে না।

বাজারের প্রবেশ পথে দক্ষিণমুখী রাস্তার উভয় পার্শ্বে শাক-সবজী এবং মাংস বিক্রেতার দল পণ্য ডালা সাজাইয়া রাখিয়াছেন। রাস্তা-সংলগ্ন বাড়ীতে প্রবেশ করা বা বাহির হওয়া ঐ গৃহবাসীদের দুঃসাধ্য। কি পুরুষ কি স্ত্রীলোক সমানভাবে বিপন্ন হন। বাড়ীর প্রবেশ দরজায় পণ্য-ডালা; জিনিস বাঁচাইয়া পা ফেলিয়া বাড়ীতে প্রবেশ করা বা বাড়ী হইতে বাহির হওয়া রীতিমত কসরতের ব্যাপার। সে রকম কসরত করিতে গিয়া কেহ পা হড়কাইয়া পড়িয়া চোট খাইয়াছেন, সে প্রমাণও রহিয়াছে।

দ্বিতীয়টি দরবেশপাড়া পল্লী হইতে পূর্বাভিমুখী রাস্তা। এখানেও একই অবস্থা উভয় পার্শ্বে। এই পথ দিয়া দরবেশপাড়া পল্লীর বহু স্নানার্থিনী প্রতিদিন গঙ্গা যান। কিন্তু ক্রেতা-বিক্রেতার ভীড় ঠেলিয়া যাইবার কালে তাঁহারা বিব্রত হন। অথচ স্নানে না গেলেও নয়। সব বাড়ীতেই জলের ব্যবস্থা নাই।

এই দুইটি রাস্তাই জঙ্গিপুর পুরসভার অধীন। বাজারের এলাকা ত রাস্তা নয়। কিন্তু জনস্বার্থ এক্ষেত্রে বিঘ্নিত হইতেছে। এত বড় এক গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে ঔদাসীন্য চলে না। পুরসভার কর্তৃস্থানীয় ব্যক্তিগণ যত তাড়াতাড়ি সম্ভব, এইদিকে দৃষ্টিপাত করিলে জনগণ উপকৃত হইবেন।

## কৃষক প্রশিক্ষণ শিবির

সাগরদীঘি, ২৪ জানুয়ারী—ব্লক কৃষিক্ষেত্রে আয়োজিত পাঁচ দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ শিবির আজ শেষ হয়। নির্দিষ্ট কৃষকরা এই শিবিরে অংশগ্রহণ করেন।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### প্রতিবাদ

গত ৬ই ভাদ্র ২৩-৮-৭৮ তারিখের 'জঙ্গিপুর সংবাদ' পত্রিকায় ২য় পৃষ্ঠার ৩য় কলমে 'বেলুড়িয়ায় গণ্ডগোল' শীর্ষক সংবাদ পড়িয়া মর্ম্মাহত ও আশ্চর্যান্বিত হইলাম। আমি ৪ঠা আগষ্ট বাড়ীতেই ছিলাম। বেলুড়িয়া সেটেলমেণ্ট ক্যাম্পে যাই নাই ও সেখানে কোন ঘটনা ঘটিয়াছে বলিয়া শুনি নাই। অথচ কিভাবে ও কেন আমার নামে অপবাদ দেওয়া হইল, তাহার তীব্র প্রতিবাদ জানাইতেছি। কানুনগো (কে. জি. ৩) মানুষ হিসাবে এই অঞ্চলে নাম লইয়াছেন। তাঁহার কোন দালাল নাই বা অসৎ মনোবৃত্তিতে তিনি কোন কাজও করিয়া যাইতেছেন না। কানুনগোর অপকর্মের জন্য আমি যে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিয়াছি তাহাও সম্পূর্ন মিথ্যা।—ফিরোজ আলি মণ্ডল, তাঁতিবিরল ( সাগরদীঘি )।

### ভ্রম সংশোধন

১৭ জানুয়ারী জঙ্গিপুর সংবাদে প্রকাশিত জঙ্গিপুর কলেজের 'ছাত্রসংসদ নিবাচন' শীর্ষক সংবাদে তথ্যগত কিছু ভুল থেকে গেছে। সঠিক তথ্য এই রকমঃ মোট আসন ৩৮, নির্বাচন হয়েছে ৩৭টিতে। এস এফ আই এবং পি এস ইউ যৌথভাবে বাম ছাত্রফ্রণ্ট নামে সব কয়টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করে মোট ২৩টি আসনে জয়ী হয়। এস এফ আই পেয়েছে ১৯টি, পি এস ইউ ৪টি। ছাত্র পরিষদ (ই) পেয়েছে ১৪টি আসন। ডি এস ও সাধারণ সম্পাদকসহ মাত্র ৫টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করে একটিতেও জয়ী হতে পারেনি।—জয়দেব দাস, সম্পাদক, পি এস ইউ রঘুনাথগঞ্জ থানা কমিটি।

**সংবাদদাতার বক্তব্যঃ** ছাত্র সংসদ নির্বাচনের ফলাফল সরবরাহ করেছিলেন জঙ্গিপুর কলেজের একজন দায়িত্বশীল ব্যক্তি। সুতরাং তথ্যগত ভুলের দায় তাঁর, আমাদের নয়।

—নিজস্ব সংবাদদাতা।

### অপারেশন বর্গা

॥ ১ ॥

ফরাক্কা থানার অন্তর্গত কেন্দুয়া মৌজায় ১১০ নং দাগ দুই একর তেতাল্লিশ শতক জমি তিলডাঙ্গা নিবাসী কলিমুদ্দিন সেখ দীর্ঘ ২০/২৫ বৎসর যাবৎ ভাগচাষী রূপে কাজ করিয়া আসিতেছে। জোতদার র উচ্ছেদের চক্রান্ত করিলে বর্গাদার কলিমুদ্দিন সেখ ফরাক্কা জে এল আর ও অফিসে মামলা রুজু করে ( ভাগচাষী মোকর্দমা নং ১/এফ কে/১৯৭৮ ) যার নিষ্পত্তি এখনও হয়নি। কলিমুদ্দিন সেখ বর্গা অপারেশনের জন্য কানুনগোর নিকট আবেদন করে এবং তার নাম বিভিন্ন সংস্থায় টাঙ্গানো হয়। কানুনগো যখন মাঠে পরিদর্শনের জন্য যান তখন সমস্ত কিছু জেনেও ও সরজমিনে তদন্ত করেও তিনি বর্গাদার এর নাম নথভুক্ত করতে অস্বীকার করেন এবং বলেন যে, বর্গাদার এর কেসের নিষ্পত্তি না হলে বর্গাদার অপারেশন করা হবে না। কিন্তু জানা গেল যে কেসের সঙ্গে বর্গাদার অপারেশনের কোন সম্পর্ক নেই। আমলাতান্ত্রিক চক্রান্তে কালমুদ্দিন সেখকে বর্গাদাররূপে স্বীকৃতি দেওয়া হল না। এইরূপে আমলাতান্ত্রিক চক্রান্তে পাশ্চমবাংলার বুকে কত ভাগচাষী বর্গাদাররূপে স্বীকৃতি পায় না তার হদিস কে রাখে? কলিমুদ্দিন সেখ একজন সংযুক্ত কৃষাণ সভার সদস্য, যে শুধু জানে তার নাম বর্গাদারভুক্ত হল না কেন? এই ব্যাপারে এস আর ও বাসুদেবপুর ক্যাম্প এর কাছে ১৭-১-৭৯ তারিখে কলিমুদ্দিন সেখ আবেদন করেছে। বর্গাদার অপারেশনের ক্ষেত্রে আমলাদের জোতদার জমিদার ঘেঁষা নীতির তীব্র প্রতিবাদে ভাগচাষী ও কৃষাণদের গর্জে ওঠার সময় এসেছে। —নন্দলাল সরকার, সম্পাদক, ফরাক্কা-সমসেরগঞ্জ আর এস পি থানা কমিটি।

॥ ২ ॥

সাগরদীঘি থানার অন্তর্গত ফুলবাড়ী, বাহালনগর এবং তেলাঙ্গন মৌজায় ১০ জানুয়ারী বর্গা অপারেশনের কাজ সুরু হয়। এই অপারেশন আসন্ন জানিতে পারিয়া ফুলবাড়ী গ্রামের জনৈক জোতদার কয়েকজন অসাধু ব্যক্তির খপ্পরে পড়িয়া বর্গা অপারেশনের ৪/৫ দিন পূর্বে কয়েক হাজার টাকা ব্যয় করিয়া একটি বিরাট ভোজের ব্যবস্থা করেন। সেই ভোজে কেবলমাত্র তাঁহারাই নিমন্ত্রিত হইয়াছিলেন, যাঁহারা এই জোতদারের জমির চতুষ্পার্শ্বের জমির মালিক। ভোজনান্তে সকলেই এই জোতদারকে তাঁহার বর্গাদার উচ্ছেদের জন্য সকল রকম আশ্বাস প্রদান করেন। অপারেশনের দিনে কয়েক শত লোক জোতদারের স্বপক্ষে সাক্ষী দিয়া প্রকৃত বর্গাদারদের নাম অস্বীকার করেন। এই বিরাট ভোজের দাপটে গরীব বর্গাদারগণ মাথায় হাত দিয়া বসিয়া পড়িয়াছে। টাকার জোরে কিনা হয়।— মোহম্মদ নুরুল ইসলাম, ফুলবাড়ী (সাগরদীঘি)।

## প্রজাতন্ত্র দিবস

নিজস্ব সংবাদদাতাঃ ২৬ জানুয়ারী ভারতের ৩০ তম প্রজাতন্ত্র দিবস জঙ্গিপুর মহকুমার সর্বত্র যথোচিত মর্যাদায় উদ্‌যাপিত হয়। ওই দিন সকালে পতাকা উত্তোলনের পর জঙ্গিপুর মহকুমা শাসকের অফিস প্রাঙ্গণে পুলিশ, হোমগারড, এন ভি এফ এবং জঙ্গিপুর টাউন ক্লাবের সদস্যদের মিলিত কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন মহকুমা শাসক মীরা পাণ্ডে। পরে হাসপাতালে রোগীদের মধ্যে ফলমূল ও মিষ্টান্ন বিতরণ করা হয় এবং জঙ্গিপুর প্রশাসন ও বিচার বিভাগের মধ্যে প্রীতিপূর্ণ ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয়। ম্যান অব দি ম্যাচ এবং সুন্দর বোলিং-এর জন্য পুরস্কার লাভ করেন গৌতম মুখারজি ও অসিত সরকার।

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রঘুনাথগঞ্জ বন্ধু সমিতির পরিচালনায় বড়দের ৭ কিমি ও ছোটদের ১ কিমি রাস্তাদৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন ৭ কিমি দৌড়ে দীনেশচন্দ্র মৈত্র, বিপদকুমার দাস ও সনাতন দাস; ১ কিমি দৌড়ে রূপা দাস, পবিত্র সরকার ও কৌশিক ঘোষ।

**শহীদ দিবসঃ** ৩০ জানুয়ারী জাতির জনক মহাত্মা গান্ধীর তিরোধান দিবস উপলক্ষে মহকুমা শাসকের অফিসে অনুষ্ঠিত সর্বধর্ম প্রার্থনাসভায় ধর্মগ্রন্থ পাঠ ও রামধুন সঙ্গীত পরিবেশন করা হয়। দিনটি কুষ্ঠরোগ প্রতিরোধ দিবস হিসেবেও পালিত হয়। প্রজাতন্ত্র দিবস ও শহীদ দিবস উদ্‌যাপিত হয় জঙ্গিপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে।

## আন্তর্জাতিক শিশুবর্ষ

জঙ্গিপুর, ২৭ জানুয়ারী—আজ জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসায় আন্তর্জাতিক শিশুবর্ষ উপলক্ষে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। শিশুদের উৎসাহিত করার জন্য শ্যামা বেকারীর পক্ষ থেকে ৩০০ পাঁউরুটি উপহার দেওয়া হয়। লজেনস বিতরণ করেন শ্রীমতী সামসুন্নাহার ইসলাম।

# দুর্ঘটনা কখনও কখনও ভয়াবহ হয়

**সত্যনারায়ণ ভকত**

বাড়ী থেকে বেরিয়ে দুর্ঘটনার ভয় পদে পদে। সে দুর্ঘটনা জল, স্থল অথবা অন্তরীক্ষ—যে কোন পথেই হোক না কেন। যন্ত্রদানবের যুগে এ যন্ত্রণার হাত থেকে রেহাই নাই। বিমান দুর্ঘটনা বছরে কয়েকটি ঘটে। রেল দুর্ঘটনা ও নৌকাডুবি মাঝে মাঝে ঘটে। সড়ক দুর্ঘটনা বছরের প্রায় প্রত্যেক সপ্তাহেই ঘটে: সেই দুর্ঘটনা কখনও কখনও ভয়াবহ হয়।

এবার প্রজাতন্ত্র দিবসের পরদিন জঙ্গিপুর মহকুমার ওপর দিয়ে বিস্তৃত ৩৪নং জাতীয় সড়কে যে দুর্ঘটনা ঘটে গেল, এতদঞ্চলে তা কেবলমাত্র ১৯৭১ সালের বাস দুর্ঘটনার ভয়াবহতার সঙ্গেই তুলনীয়: ওই বছর জঙ্গিপুর মহকুমার কোল ঘেঁষে সুকীর মোড়ের কাছে ফরাক্কা—বহরমপুর রুটের বহরমপুরগামী একটি যাত্রীবাহী বাসের সঙ্গে লরির সংঘর্ষে বাসচালকসহ ৯ জনের জীবনহানি ঘটেছিল। এবার নিহত হয়েছেন ১১ জন, আহত ২৭ জন। ৭ জন ঘটনাস্থলে ও ৪ জন হাসপাতালে মারা গিয়েছেন। ১৯৭৩ সালের মে মাসে ধুলিয়ান ডাকবাংলোর মোড়ে ষ্টেট বাসের সঙ্গে পাথর বোঝাই লরির মুখোমুখি সংঘর্ষে ৯ জন যাত্রী আহত হয়েছিলেন। ১৯৭৩ সালের ১ জুন রঘুনাথগঞ্জ শহরে খড়খাড় সেতুর ওপর পাথর বোঝাই একটি লরি পেছন থেকে ধাক্কা দিয়ে দুটো রিক্সাকে গুঁড়িয়ে দিয়েছিল। নিহত হয়েছিলেন ২ জন। ওই দুর্ঘটনার পর সড়ক বিভাগের টনক নড়ে। তারা যানবাহনের গতি নিয়ন্ত্রণের জন্য শহরের ফুলতলা মোড়ে এবং খড়খাড় সেতুর দুই দিকে কয়েকটি 'বাম্পার' তৈরী করে দেন।

১৯৭৫ সালের প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে রাত দুটো নাগাদ সাগরদীঘি থানার বেলপাড়ায় রেলের লেভেল ক্রশিং-এ যাত্রীবাহী একটি মিনি বাসের সঙ্গে ট্রেনের সংঘর্ষে একজন নিহত হয়েছিলেন, আহত হয়েছিলেন ২৪ জন। গেটম্যানকে রেল পুলিশ গ্রেপ্তার করেছিল। বাসটি ৪৩ জন যাত্রী নিয়ে পশ্চিম দিনাজপুর জেলার ঠাঙ্গাপাড়া থেকে মুর্শিদাবাদ ভ্রমণে আসছিল। ওই দুর্ঘটনার পর রেল কর্তৃপক্ষ ওই লেভেল ক্রশিং-এ দুটো গেট বসান, গুমটি তৈরী করে দেন এবং গুমটির সঙ্গে মোরগ্রাম ষ্টেশনের টেলিফোন সংযোগ স্থাপন করেন। ১৯৫৫ সালে জাতীয় সড়ক চালু হওয়ার পর কুড়ি বছর ধরে বারংবার দাবি জানিয়েও যা আদায় হয়নি—দুর্ভাগ্যজনক একটি দুর্ঘটনার পর ১৯৭৫ সালে কর্তৃপক্ষ দাবি দাওয়ার চেয়েও বেশী সতর্ক হয়ে উপরোক্ত ব্যবস্থাগুলি অবলম্বন করেন।

জাতীয় সড়কের বোখারা মৃত্যুবাঁক ও অর্জুনপুর থেকে ফরাক্কা পর্যন্ত ঘন ঘন বাঁকে দুর্ঘটনা হামেশাই ঘটে থাকে। কখনও পথচারী, কখনও সাইকেলারোহী, কখনও বাসযাত্রী চাপা পড়ে নিহত হন। বাস থেকে নেমে রাস্তা পার হতে গিয়ে অবাঞ্ছিত মৃত্যু ইদানীং প্রায়ই ঘটছে। লরি অথবা বাস উল্টে মৃত্যুর ঘটনাও ঘটে। বোখারার মৃত্যুবাঁকে ১৯৭৮ সালে মা-মেয়েকে চাপা দেওয়ার ঘটনা অথবা জীপ লরি সংঘর্ষে কানুনগোর মৃত্যু সংবাদ এখনও পুরোনো হয়নি। দুর্ঘটনা এড়াতে ১৯৫৬ সাল থেকে বোখারায় ওভার ব্রীজ তৈরীর দাবি জানিয়ে গ্রামবাসীরা ক্লান্ত হয়ে পড়েছেন। ১৯৭৮ সালে প্রকল্পটি অনুমোদন লাভ করেছে। তবে কাজ শুরু হয়নি এই কারণে যে, কে সেতুটি তৈরী করবে তা নিয়ে রেলের সঙ্গে সড়ক বিভাগের কোন মীমাংসা এখনও হয়নি।

কয়েক বছর থেকে ধুলিয়ান—ফরাক্কার মধ্যে জাতীয় সড়কে যানবাহন থামিয়ে মহরম ও সরস্বতী পুজোর চাঁদা আদায়ের জুলুম চোখে পড়ছে। এ ব্যাপারে পুলিশ নাকি নিরুপায়। কারণ চাঁদা আদায়ে বাধা দিতে গেলে ধর্মীয় বাধা আসার সম্ভাবনা নাকি প্রবল। অথচ অবাধে এই জুলুম চলতে থাকলে ভয়াবহ যে কোন দুর্ঘটনা ঘটার আশঙ্কা আরো প্রবল। তার আভাস পাওয়া গিয়েছে এবারের মহরমে। মিছিলের ওপর দিয়ে একটি লরি চলে যাওয়ার ফলে একজন নিহত এবং কয়েকজন আহত হয়েছেন। দুর্ঘটনা এড়াতে জাতীয় সড়কে সর্বধর্মীয় চাঁদা আদায় কঠোরভাবে দমন করা উচিত। কেন না, ধর্মের নামে বিপদ ডেকে আনার অধিকার কোন সম্প্রদায়েরই নাই।

এখন বাস যত বাড়ছে, সমস্যা ও প্রতিযোগিতা তত বাড়ছে। রাস্তা যত চওড়া হচ্ছে দুর্ঘটনা তত বাড়ছে। আর এ দুর্ঘটনা ঘটছে পাশ কাটিয়ে বেরিয়ে যেতে গিয়ে অথবা অন্য বাসের সঙ্গে প্রতিযোগিতায় এঁটে না ওঠার আশঙ্কায় তাড়াহুড়ো করতে গিয়ে। আমার ধারণা, গত ২৭ জানুয়ারী সুতী থানার মানিকপুরে বাস-লরির মুখোমুখি যে সংঘর্ষ ঘটেছে তার কারণ ওই একটিই—তা হল তাড়াহুড়ো করে সামনের কোন যানবাহনকে পাশ কাটিয়ে বেরোতে গিয়ে বিপরীতমুখী লরির সঙ্গে বাসের ধাক্কা লেগেছে। এবং যার ভয়াবহ পরিণামের কথা সকলের জানা হয়ে গিয়েছে। আমি আগেই বলেছি, দুর্ঘটনা প্রায়ই ঘটে—কখনও কখনও তা ভয়াবহ হয়।

## WANTED

Application are invited from the candidates for appointment a Head Clerk in the Office of the Commissioners of Jangipur Municipality from 1st April, 1979 with pay at the scale of Rs. 300-10-410-15-500/-with special pay of Rs. 10/- and other allowances as admissible for the post and time to time sanctioned by Government. Last date for filing applications is 15-2-79.

The application should contain the following information for consideration towards appointment after interview :—

Preference will be given to a candidate having previous experiences in office work as Head Clerk in Govt. Offices or in Local Body/Undertaking Offices. Higher education will also receive consideration.

1) Name
2) Father's name
3) Postal address
4) Age
5) Educational qualification
6) Experiences in offices, if any

Attested copies of certificates to justify educational qualification and office experiences. should accompany the application.

Sd/- S. M. Biswas
Vice-Chairman
Jangipur Municipality

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**
( জগন্নাথের সাইকেলের দোকান )
রঘুনাথগঞ্জ ফুলতলা ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের জন্য নির্ভরযোগ্য বাস
**নেশার বাস সারভিস**
( ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজারভ দেওয়া হয় )

**মিত্র বস্ত্রালয়**
রঘুনাথগঞ্জ, দরবেশপাড়া
( মুর্শিদাবাদ )
ধুতি, শাড়ি, শার্টিং, কোটিং
রেডিমেড ও শীতবস্ত্র সুলভ মূল্যে পাওয়া যায়।

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**
পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

**ঊষা হার্ডওয়ার ষ্টোর**
স্থান পরিবর্ত্তন : রেডক্রশের পাশে
বাবুলবোনা রোড, বহরমপুর
মুর্শিদাবাদ
হলার, যাঁতা, ঘানি, মেশিনারী দ্রব্য বিক্রেতা।

**শ্রীগুরু হোমিও হল**
ডাঃ ডি, এন, চ্যাটার্জ্জী, ডি, এম, এস
দরবেশপাড়া, রঘুনাথগঞ্জ
মুর্শিদাবাদ
সর্বপ্রকার হোমিওপ্যাথিক ও বায়োকেমিক ঔষধ বিক্রয় হয় এবং যে কোন ব্যাধিগ্রস্ত (Acute or Chronic) রোগীর চিকিৎসা হয়

## ভয়াবহ বাস দুর্ঘটনা

( ১ম পৃষ্ঠার পর )

অরঙ্গাবাদ ( সুতী ), ৪) বিশ্বনাথ দে, নিমতিতা ( সাগরদীঘি ব্লকের গ্রামসেবক ), ৫) লালচাঁদ সিংহ, লক্ষ্মীপুর ( সুতী ), ৬) হাবলু সেখ, সাহেবনগর ( সামসেরগঞ্জ ), ৭) এসবার সেখ, ভৈরবটোলা ( রঘুনাথগঞ্জ ), ৮) সাইদুল সেখ, যদুনগর (সামসেরগঞ্জ)। শেষোক্ত ব্যক্তি হাসপাতালে ভর্তির পর মারা গিয়েছেন। বহরমপুর হাসপাতালে যে তিনজনের মৃত্যু ঘটেছে বলে জানা গেছে, তাঁদের নাম পাওয়া যায়নি। এই দুর্ঘটনার আগের দিন অর্থাৎ প্রজাতন্ত্র দিবসে সুধীরলাল মণ্ডল নামে সুতী থানার আহিরণের একজন গ্রামবাসী সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন।

## দুর্নীতির অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

সেই অভিযোগের তদন্ত করেন। তদন্তে প্রকাশ পায় (১) সমবায় সমিতির আইনানুগ নির্বাচন না করে অনুগত কয়েকজন সদস্যকে নিয়ে একটি 'মনগড়া' কমিটি গঠন করা হয়েছে। (২) এ্যাপরুভড্ চারট অনুসরণ না করে উচ্চ মূল্যে সার বিক্রী করা হয়েছে এবং উদ্বৃত্ত অর্থ আত্মসাৎ করা হয়েছে। (৩) ঋণ বন্টনের সময় সদস্যদের শেয়ারের টাকা জমা না করে আত্মসাৎ করা হয়েছে। এবং (৪) এই সমিতি একটি পুরাতন প্রতিষ্ঠান। তার নিয়োগের কাগজপত্র নষ্ট করে এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জের পুরোনো হাসপাতালের গলিতে ৪ শতক জায়গা বিক্রয় হইবে। যোগাযোগের ঠিকানা—বিমলেন্দু দত্ত, দত্ত ষ্টোর (২) রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)।

## অনাস্থায় অপসারণ

( ১ম পৃষ্ঠার পর )

অস্থায়ীভাবে প্রধান হিসেবে কাজ চালাতে অনুরোধ করেছেন। এই নিয়ে সাগরদীঘি ব্লকের ৪টি অঞ্চলে সি পি এম বিক্ষুব্ধ গোষ্ঠীর সঙ্গে ক্ষমতাসীন গোষ্ঠীর লড়াই বাধল। বিশ্বস্ত সূত্রের খবর আরও দুটি অঞ্চলে নেতৃত্বের বিরুদ্ধে বিদ্রোহ আসন্ন।

## সেসন পাওয়ার

( ১ম পৃষ্ঠার পর )

আদালতগুলোতেই হবে। এর ফলে জনসাধারণকে এই সব মামলার বিচারের জন্য জেলা সদরে গিয়ে হয়রান হতে হবে না। প্রদীপবাবু ফরাক্কার প্রায় ৫০০ মৎস্যজীবীর বিরুদ্ধে রুজু করা ১০০টি মামলা 'রাজনৈতিক মামলা' হিসেবে তুলে নেওয়ার প্রস্তাব করলে আইনমন্ত্রী বলেন, বিবেচনার জন্য মামলাগুলির বিস্তারিত বিবরণ বামফ্রন্ট কমিটিতে পাঠাতে বলা হয়েছে।

## পঞ্চায়েত অফিসগুলি

( ১ম পৃষ্ঠার পর )

কাজ করছেন। কর্মীরা বুঝতে পারছেন না পারটির কাজ কি এবং কিভাবে তা করতে হবে। অভিযোগের জবাবে তাঁদের জানানো হয় যে, কর্মীদের নিয়েই কাজ করতে হবে, নির্বাচিত সদস্যরাই সব নন। এর জন্যে প্রয়োজন সাংগঠনিক শক্তিকে দৃঢ় করা।

## শিক্ষক আবশ্যক

একজন জীববিজ্ঞান শিক্ষক আবশ্যক শিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। এক সপ্তাহের মধ্যে সম্পাদক, পারদেওনাপুর জুনিয়ার হাই মাদ্রাসা, পোঃ দেওনাপুর, জেলা মুর্শিদাবাদ ঠিকানায় আবেদন করুন।

## বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের বিংশতিবর্ষ বার্ষিক সম্মেলন নবগ্রাম থানার দফরপুর গ্রামে আগামী ১৮ ফেব্রুয়ারী রবিবার সকাল আটটায় অনুষ্ঠিত হবে। সম্মেলনে যোগদানের জন্য সাংবাদিক সংঘের সভ্যদের অনুরোধ জানান হচ্ছে।

প্রত্যেক সদস্যকে পাঁচ টাকা ডেলিগেট ফি এবং তিন টাকা বার্ষিক চাঁদা সম্মেলনের আগে জেলা সম্পাদকের কাছে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

## কয়লা ব্যবসায়ী ধর্মঘট

নিজস্ব সংবাদদাতাঃ বার বার কয়লার ন্যায্য মূল্য ধার্য্যের আবেদন জানিয়ে ব্যর্থ হওয়ায় জঙ্গিপুর মহকুমা কয়লা ব্যবসায়ী সমিতি কর্তৃপক্ষের ঔদাসীন্যের প্রতিবাদে পয়লা ফেব্রুয়ারী থেকে লাগাতার ধর্মঘট করবেন বলে ঘোষণা করা হয়েছে।


আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা কি কষ্টকর?

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। লানোলিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম ক্ষয় রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্চ্ছনা জাগায়।



বসন্ত মালতী


রূপ প্রসাধনে অপরিহার্য

সি. কে. সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা
নিউ দিল্লী



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


Godrej

"The quality is never an accident,
But it is always the result of an important efforts."



উক্তিটির সার্থক রূপকার গোদরেজ। গোদরেজের ষ্টীল আলমারী, অফিস আসবাব এবং রেফ্রিজেরেটর ও টাইপরাইটার এখন ষ্টীলজগতের এক এবং অনন্য। আপনার মনের মত সেরা জিনিসটি আপনি পছন্দ করে নিয়ে যান আমাদের শো-রুম থেকে।



★ এক এবং অনন্য পরিবেশক—

মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ

বোলপুর ★ বীরভূম

পিন : ৭৩১২০৪

ফোন নং ২৪১